



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংলো নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bangladesh-bank.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

সূত্র নং- এসএমইএসপিডি সার্কুলার নং : ০১

০৪ শ্রাবণ, ১৪১৭
তারিখ :-

১৯ জুলাই, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
 বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
 প্রধান কার্যালয়,
 ঢাকা।

প্রিয় মহোদয়,

“ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (SME) খাতে পুনঃঅর্থায়ন” প্রসংগে।

‘ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম’ - এর সুবিধা সম্প্রসারণ ও বিস্তৃতির লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ‘স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট’ (SMEDP) এর আওতায় বাংলাদেশ ব্যাংকে এডিবি প্রদত্ত ৭৬.০০ মিলিয়ন মার্কিন ডলার এবং বাংলাদেশ সরকার (বাংলাদেশ ব্যাংক) প্রদত্ত ১৯.০০ মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ মোট ৯৫.০০ মিলিয়ন মার্কিন ডলার এর সমমূল্যের বরাদ্দ সম্বলিত একটি তহবিল গঠন করা হয়েছে। ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ খাতে অর্থায়নকারী যোগ্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এই তহবিলের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধার ক্ষেত্রে যে সকল শর্তাবলী প্রযোজ্য হবে তার পূর্ণাঙ্গ বিবরণ নিম্নে উল্লেখ করা হল :

- ১) প্রকল্প স্থাপন বা স্থাপিত প্রকল্পের সম্প্রসারণ/আধুনিকায়নের ক্ষেত্রে যেসব প্রকল্পের (ক) স্থায়ী সম্পদ সর্বোচ্চ ২০.০০ (বিশ) কোটি টাকা (জমি ও ইমারত ব্যতীত) অথবা (খ) লোকবল সর্বোচ্চ ১৫০ জন সে সব প্রকল্প পুনঃঅর্থায়নের যোগ্য বলে বিবেচিত হবে।
- ২) আলোচ্য পুনঃঅর্থায়ন স্কীম শুধুমাত্র ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাইরে অবস্থিত প্রকল্পের জন্য প্রযোজ্য হবে।
- ৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ঋণের মেয়াদ ন্যূনতম ০২ বছর হতে হবে।
- ৪) ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ খাতে একক ক্ষেত্রে সর্বনিম্ন ৫০.০০ হাজার টাকা এবং সর্বোচ্চ ৭০.০০ লক্ষ টাকা পর্যন্ত প্রদত্ত মেয়াদী ঋণের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ৭৫% পর্যন্ত পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এবং উদ্যোক্তা যথাক্রমে অবশিষ্ট ১৫% ও ১০% অর্থায়ন করবে। পুনঃঅর্থায়ন সুবিধা ‘আগে আসলে আগে পাবেন’ ভিত্তিতে প্রদেয় হবে।
- ৫) বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর প্রচলিত ব্যাংক রেটে (Prevailing Bank Rate) সুদ প্রযোজ্য হবে। গ্রাহক পর্যায়ে অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বাজারভিত্তিক সুদ হার প্রযোজ্য হবে।
- ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে প্রতি তিনমাস পর পর আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন পেশ করবে। প্রতি ত্রৈমাসিক শেষে পরবর্তী ১৫ দিনের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে। পুনঃঅর্থায়ন দাবীকৃত এন্টারপ্রাইজসমূহের বিস্তারিত তথ্য/দলিলাদি প্রয়োজনবোধে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। পুনঃঅর্থায়ন দাবীর সাথে পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্পসমূহ অত্র সার্কুলারের সকল শর্তপূরণ করেছে এবং এতদসংক্রান্ত ডকুমেন্টস ব্যাংকে সংরক্ষিত রয়েছে মর্মে প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।
- ৭) আলোচ্য স্কীমের তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি ০৬ মাস সময়ের জন্য স্কীমের আওতায় নির্ধারিত খাতে সম্ভাব্য ঋণ বিতরণের পরিমাণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়নের পরিমাণ সম্পর্কে একটি আগাম প্রাক্কলন ষাণ্মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।
- ৮) পুনঃঅর্থায়ন সুবিধা মধ্য ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। মধ্য মেয়াদী ঋণ সর্বোচ্চ ০৩ বছর মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ঋণ সর্বোচ্চ ০৫ বছর মেয়াদী হবে।

পূর্ব পৃষ্ঠার পর হতে...

৯) পুনঃঅর্থায়ন বাবদ গ্রহীত ঋণ নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ্য হবে :

ক) মধ্য-মেয়াদী ঋণ : ঋণ গ্রহণের তারিখ থেকে ০৬মাস রেয়াতী সময়সহ সমান ঋণাসিক কিস্তিতে সুদসহ পরিশোধ্য ।

খ) দীর্ঘ মেয়াদী ঋণ : ঋণ গ্রহণের তারিখ থেকে ০১বছর রেয়াতী সময়সহ সমান ০৮টি ঋণাসিক কিস্তিতে পাঁচ বছরে সুদসহ পরিশোধ্য ।

১০) উপরোল্লিখিত পরিশোধসূচী মোতাবেক পুনঃঅর্থায়িত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ঋণ গ্রহীতা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলতি হিসাব থেকে আদায় করা হবে ।

১১) ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, সুদের হার, ঋণ বিতরণ ও আদায়, দলিল সম্পাদন, মার্জিন, ঋণের বিপরীতে বীমাকরণ, ঋণের সদ্যবহার ও তদারকির ব্যাপারে ঋণ প্রদানকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধি-বিধান অনুযায়ী নির্ধারিত/পরিচালিত হবে । বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর ন্যস্ত থাকবে । ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের কোন সম্পর্ক থাকবে না ।

১২) আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য নিম্নে বর্ণিত শর্ত পূরণে সক্ষম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকেই কেবলমাত্র যোগ্য বলে বিবেচনা করা হবে :

ক) পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের (ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান) এসএমই অর্থায়ন স্ট্র্যাটেজি, ঋণ নীতিমালা ও এক্ষেত্রে বাস্তব পূর্বঅভিজ্ঞতা থাকতে হবে ।

খ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে (ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান) বাংলাদেশ ব্যাংকের প্রযোজ্য নির্দেশনা, প্রুডেনশিয়াল গাইডলাইনস এর কমপ্লায়েন্ট হতে হবে । বিশেষতঃ (কিন্তু এসবের মধ্যে সীমিত নয়) নূন্যতম ঝুঁকিভরভিত্তিক মূলধন, আয় স্বীকৃতি, ঋণ শ্রেণীকরণ, ক্ষতির সংস্থান, মোট শ্রেণীকৃত ঋণ এর সাথে শ্রেণীকৃত এসএমই ঋণের হার ও মানি লন্ডারিং প্রতিরোধ আইন এর প্রতি কমপ্লায়েন্ট থাকতে হবে ।

গ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের CRISL এর “বাংলাদেশ দীর্ঘ মেয়াদী জাতীয় রেটিং স্কেল” বা ADB এর নিকট গ্রহণযোগ্য তুল্যমানের কোন রেটিং এজেন্সি কর্তৃক নূন্যতম বিবিবি- (BBB-) ক্রেডিট রেটিং (নির্ধারিত সময়ে আর্থিক দায় পরিশোধে মধ্যম মানের সক্ষমতা) থাকতে হবে এবং প্রকল্প চলাকালীন সময়ে তা বজায় রাখতে হবে ।

ঘ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের কর্পোরেট গভর্নেন্স বিধিমালা ও নির্দেশনা পরিপালনকারী হতে হবে, যার মধ্যে (এর মধ্যেই সীমিত নয়) কর্পোরেট গভর্নেন্স এর উদ্দেশ্য, স্ট্র্যাটেজি কাঠামো ও কার্যকর কৌশল চিহ্নিতকরণ, মনিটরিং, ব্যবসায়িক ঝুঁকি ব্যবস্থাপনা, ডিসক্লোজার বৃদ্ধি এবং রেগুলেটরী কমপ্লায়েন্স নিশ্চিতকরণ অন্তর্ভুক্ত থাকবে ।

ঙ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ঢাকা ও চট্টগ্রাম শহর এলাকার বাইরে এসএমই ঋণ বিতরণের বাস্তব সক্ষমতা থাকতে হবে যা প্রতিষ্ঠানের শাখার বিস্তৃতি, ঋণ বিতরণের তথ্য, ঋণ বিতরণ/এডভাইজারী সার্ভিস প্রদান পরিকল্পনা ইত্যাদি দ্বারা নির্ধারিত হবে ।

চ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সঠিক ঝুঁকি ব্যবস্থাপনার (ঋণ ঝুঁকি, দায়-সম্পদ ঝুঁকি ও পরিচালন ঝুঁকি) বাস্তব সক্ষমতা থাকতে হবে ।

ছ) প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি থাকতে হবে এবং পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ইস্যু চিহ্নিতকরণ, প্রতিকারকরণ এবং কমপ্লায়েন্স মনিটরিং এর জন্য প্রশিক্ষিত জনবল থাকতে হবে । প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে (ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান) বার্ষিক ভিত্তিতে পুনঃঅর্থায়িত প্রকল্পসমূহের পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতির কমপ্লায়েন্স প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে ।

জ) ADB's Environment Policy (2002), ADB's Involuntary Resettlement Policy (1995) এবং ADB's Policy on Indigenous Peoples (1988) সম্পূর্ণভাবে পরিপালন করে শুধুমাত্র এরূপ প্রকল্পে পুনঃঅর্থায়ন প্রদান করা হবে ।

ঝ) আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে আর্থিকভাবে সক্ষম হতে হবে এবং উত্তম আর্থিক ব্যবস্থাপনা নীতি অনুযায়ী পরিচালিত হতে হবে । সাব-প্রজেক্ট এর আর্থিক, কারিগরি, পরিবেশগত ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাইয়ে বাংলাদেশ ব্যাংক ও এডিবি এর নিকট গ্রহণযোগ্য ঋণ ও বিনিয়োগ নীতিমালা গ্রহণ, সাব-প্রজেক্ট বাস্তবায়ন তত্ত্বাবধান ও মনিটরিং করতে হবে ।

পূর্ব পৃষ্ঠার পর হতে...

- ১৩) আলোচ্য স্বীমের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।
- ১৪) শস্য ও মৎস্য উৎপাদনের জন্য প্রদত্ত ঋণ, কনজুমার ঋণ ও ব্যক্তিগত ঋণের ক্ষেত্রে এই পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে না।
- ১৫) মহিলা উদ্যোক্তাদের “ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ” খাতে বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে আলোচ্য তহবিলের ১৫% বরাদ্দকৃত থাকবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ মহিলা উদ্যোক্তাদেরকে এ স্বীমের আওতায় ঋণ সুবিধা প্রদানের কার্যকর প্রচেষ্টা গ্রহণ করবে।
- ১৬) পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে মহিলা উদ্যোক্তাদেরকে অর্থায়নের বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০২/০৩/২০০৯ তারিখে জারীকৃত এসিএসপিডি সাকুলার লেটার নং-০২ এ বর্ণিত নির্দেশনাসমূহ পরিপালন করতে হবে।
- ১৭) অত্র সাকুলার জারীর পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রেই কেবলমাত্র পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।
- ১৮) ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে উক্তরূপে গৃহীত অর্থের উপর সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ সম্পূর্ণ বকেয়া ঋণ এককালীন আদায় করা হবে।
- ১৯) পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্যাবহার সম্পর্কে অর্থায়নকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ছকে বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিকভিত্তিতে একটি বিবরণী প্রদান করতে হবে।
- ২০) বাংলাদেশ ব্যাংক ও এডিবি পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্পসমূহ, প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি, হিসাবরক্ষণ, লেনদেন, প্রকল্প এলাকা ইত্যাদি এবং সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যে কোন সময় পরিদর্শন করতে পারবে।
- ২১) মহিলা উদ্যোক্তাদের ক্ষেত্রে সুদের হার সর্বোচ্চ ব্যাংক রেট + ৫% প্রযোজ্য হবে।
- ২২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত এসএমই ঋণ নীতিমালা ও কর্মসূচী-কে গুরুত্বের সাথে পরিপালন করতে হবে।
- ২৩) সম্পাদিত Participation Agreement এর কোন শর্ত ভঙ্গ করলে বা কোন অনিয়ম/অনিয়মসমূহ উদ্ঘাটনের পর পরবর্তী ৩০দিনের মধ্যে উল্লিখিত অনিয়ম/অনিয়মসমূহ সংশোধন না করলে পুনঃঅর্থায়নকৃত টাকা মেয়াদপূর্তির পূর্বেই জরিমানাসহ (ব্যাংক রেট + ৫%) এককালীন আদায়যোগ্য হবে।
- ২৪) আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে অংশগ্রহণ চুক্তিপত্র (Participation Agreement), প্রতিশ্রুতিপত্র (D. P. Note) ও পুনঃঅর্থায়নের আবেদনপত্র ইত্যাদির নমুনা বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ, ২৫তলা, ২য় সংলগ্নী ভবন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় থেকে সংগ্রহের পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৫৩২২